

২য় অনুরোধ পত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদরাসা শিক্ষা অধিদপ্তর
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৩.০২.০১৩.১৮- ৫৬৯

তারিখ: ০১.০৭.২০১৮ খ্রি।

বিষয়: নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসার অধ্যক্ষ/কর্তৃপক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে জুনিয়র মৌলভী পদ থেকে জনাব মো: শহীদুল্লাহকে প্রভাষক (আরবি) পদে সমন্বয়ের কারণ এবং জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক সিনিয়র শিক্ষকের পরিবর্তে তীর (জনাব মো: শহীদুল্লাহ) অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের নিমিত্ত বার বার সুপারিশ করার কারণ ব্যাখ্যাসহ একটি প্রতিবেদন দাখিল প্রসবেঞ্জ।

সূত্র: (১) জনাব ফাতেমা ইয়াসমিন, প্রভাষক (আরবি), শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসা এর আবেদন তারিখ: ০৩.১০.২০১৭ খ্রি।

(২) মাউশি অধিদপ্তরের স্মারক নং-১জি-১৪৮২-বি/২০১০/৫০৭১/৬

তারিখ: ১৮.০৭.২০১৩ খ্রি।

(৩) মাউশি অধিদপ্তরের স্মারক নং-১জি-১৪৮২-বি/১০/৬৫৫/৩-বিশেষ

তারিখ: ০৫.০৩.২০১৭ খ্রি।

(৪) শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসা কর্তৃক অনলাইন আবেদন

তারিখ: ২৩.০৩.২০১৬ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, বিষয়োক্ত মাদরাসার অধ্যক্ষ/কর্তৃপক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে পদ সমন্বয় ও জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের সুপারিশ বিষয়ক একখানা অভিযোগ আবেদন বর্ণিত মাদরাসার আরবি প্রভাষক জনাব ফাতেমা কর্তৃক এ অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. জনাব ফাতেমা, প্রভাষক (আরবি) কর্তৃক দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র ও তথ্য পর্যালোচনায় দেখা যায় যে, বর্ণিত মাদরাসার অধ্যক্ষ/কর্তৃপক্ষ কর্তৃক জুনিয়র মৌলভী পদ হতে জনাব মো: শহীদুল্লাহকে আরবি প্রভাষক পদে সমন্বিত করা হয় এবং পরবর্তীতে তীর (জনাব মো: শহীদুল্লাহ) অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের নিমিত্ত মহোদয় কর্তৃক যথাযথ কর্তৃপক্ষ বরাবর সুপারিশ করা হয় যা ১৪.১০.১৯৯৫ এর জনবল কাঠামো বিধি এর সুস্পষ্ট লংঘন মর্মে সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারকে উল্লিখিত হয়েছে (কপি সংযুক্ত)।

০৩. সূত্রোক্ত ২ ও ৩ নং স্মারকে জনাব মো: শহীদুল্লাহর সহকারী অধ্যাপকের স্কেল না পাওয়ার বিষয়ে সুস্পষ্ট মতামত প্রদান সত্ত্বেও মহোদয় কর্তৃক ২০১৬ সালে পুনরায় জনাব মো: শহীদুল্লাহর অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের জন্য অনলাইনে আবেদন করা হয় যা একই কারণে জেলা শিক্ষা অফিসার, নরসিংদী কর্তৃক সূত্রোক্ত ৩নং স্মারকে reject করা হয় (কপি সংযুক্ত)।

০৪. বিধি বহির্ভূতভাবে জুনিয়র মৌলভী পদ থেকে জনাব মো: শহীদুল্লাহকে প্রভাষক (আরবি) পদে কেন ও কোন বিধি বলে সমন্বয় করা হয়েছে এবং একই বিষয়ে একাধিক বার যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সুস্পষ্ট মতামত প্রদান করা সত্ত্বেও কেন বার বার একই ব্যক্তির (জনাব মো: শহীদুল্লাহ) অনুকূলে মহোদয় কর্তৃক সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের সুপারিশ করা হচ্ছে তা দাপ্তরিক প্রয়োজনে জানা দরকার।

০৫. উপরিউক্ত মতে বর্ণিত মাদরাসার অধ্যক্ষ/কর্তৃপক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে জুনিয়র মৌলভী পদ থেকে জনাব মো: শহীদুল্লাহকে প্রভাষক (আরবি) পদে সমন্বয়ের কারণ এবং জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক তীর (জনাব মো: শহীদুল্লাহ) অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের সুপারিশ করার কারণ ব্যাখ্যাসহ একটি প্রতিবেদন গত ২৪.০৫.২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরকে অবহিতকরণের জন্য মহোদয়কে অনুরোধ করা হয়েছিল। কিন্তু অজোবধি মহোদয় কর্তৃক বর্ণিত বিষয়ে কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি যা দায়িত্বে অবহেলা ও উর্ধ্বতন কর্তৃকক্ষের নির্দেশনা অমান্যের শামিল।

০৬. এমতাবস্থায় নরসিংদী জেলার মনোহরদী উপজেলাধীন শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসার অধ্যক্ষ/কর্তৃপক্ষ কর্তৃক বিধি বহির্ভূতভাবে জুনিয়র মৌলভী পদ থেকে জনাব মো: শহীদুল্লাহকে প্রভাষক (আরবি) পদে সমন্বয়ের কারণ এবং জ্যেষ্ঠতার বিধি লঙ্ঘনপূর্বক সিনিয়র শিক্ষকের পরিবর্তে তীর (জনাব মো: শহীদুল্লাহ) অনুকূলে সহকারী অধ্যাপকের স্কেল প্রদানের নিমিত্ত বার বার সুপারিশ করার কারণ ব্যাখ্যাসহ একটি প্রতিবেদন আগামি ১০.০৭.২০১৮ খ্রি: তারিখের মধ্যে এ অধিদপ্তরে দাখিল নিশ্চিতকরণের জন্য মহোদয়কে **২য় বারের মতো নির্দেশক্রমে অনুরোধ করা হলো।** ব্যর্থতায় মহোদয়ের বিরুদ্ধে এমপিও বন্ধসহ প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। বিষয়টি অতীব জরুরী।

A. M. M.
০১.০৭.১৮

(মো: অফাজ উদ্দীন)

অধ্যক্ষ, শেখের গাঁও জামেউল উলুম ফাজিল মাদরাসা

অনুলিপি:

১. সচিব, কারিগরী ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
২. উপ পরিচালক, মাস্ত্রমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা অঞ্চল।
৩. জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
৪. মাধ্যমিক শিক্ষা অফিসার, মনোহরদী, নরসিংদী।
৫. অফিস কপি।

সহকারী পরিচালক (সরকারী ও সিনি: মাদরাসা)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ফোন নং- ৪১০৩০১৬৭

ই-মেইল-dgdmeb@gmail.com